দৈনিক
জনকণ্ঠ

তারিখ 26 NOV 2007
পৃষ্ঠা ৫ কলাম ৩

১০/১৮
৩৩

# ‘বাংলাদেশে গণহত্যা’ বিষয়ে মাস্টার্স ডিগ্রী চালু হচ্ছে যুক্তরাষ্ট্রের এক বিশ্ববিদ্যালয়

এনা, নিউইয়র্ক থেকে ॥ বাংলাদেশে একাত্তরের গণহত্যা ও নৃশংসতার ওপর ডিগ্রী দেবে যুক্তরাষ্ট্রের একটি বিশ্ববিদ্যালয়। শুধু তাই নয়, বাংলাদেশে জেনোসাইড সম্পর্কে উচ্চতর গবেষণার সুযোগও সৃষ্টি করবে তারা। নিউজার্সিতে অবস্থিত কিন ইউনিভার্সিটি এ সিদ্ধান্ত নিয়েছে। কোর্স কারিকুলাম সম্পন্ন হয়েছে এবং ২০০৮ সাল থেকেই এ কোর্স চালু হচ্ছে বলে ইউনিভার্সিটি সূত্রে বলা হয়েছে। যুদ্ধাপরাধীদের বিচার দাবিতে দেশ ও প্রবাস যখন সোচ্চার, ঠিক সেই সময়ে নিউজার্সির ইউনিভার্সিটি কর্তৃক ‘বাংলাদেশে জেনোসাইড’ বিষয়ে মাস্টার্স ডিগ্রী প্রদানের কোর্স চালুর সংবাদটি যুক্তরাষ্ট্রে প্রবাসী বাংলাদেশীদের মধ্যেই শুধু নয়, মার্কিন ইতিহাসবিদদের মধ্যেও ব্যাপক আগ্রহের সৃষ্টি করেছে। মাস্টার্স ডিগ্রীর সমমর্যাদাসম্পন্ন এই কোর্স-কারিকুলাম শুরু উপলক্ষে ৯ ডিসেম্বর এ বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হবে বিশেষ একটি সেমিনার। সেমিনারে বাংলাদেশে গণহত্যার বিষয়টির ওপর আলোকপাত করা হবে। ‘ভায়োলেন্স ইন টলারেন্স এ্যান্ড জেনোসাইড’ শীর্ষক এ সেমিনারে সভাপতিত্ব করবেন ড. দাউদ ফারাহি। যুক্তরাষ্ট্রে বসবাসরত বাংলাদেশী বুদ্ধিজীবী, সমাজকর্মী, সাংবাদিক, সাংস্কৃতিক ব্যক্তিত্বরাও অংশ নেবেন এ সেমিনারে। এই সেমিনারের অন্যতম সমন্বয়কারী যুক্তরাষ্ট্র বঙ্গবন্ধু পরিষদের সভাপতি ড. নূরন্নবী বার্তা সংস্থা এনাকে ২৩ নবেম্বর জানিয়েছেন, বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধের ৯ মাসে বিভিন্ন স্থানে গণহত্যা, ঘাতক-দালালদের কুকর্ম ও যুদ্ধের নৃশংসতা উপস্থাপন করা হবে। বাংলাদেশের স্বাধীনতার ওপর ‘নাইন মান্থ অব ফ্রীডম’ শীর্ষক একটি প্রামাণ্যচিত্রও প্রদর্শিত হবে সেমিনারে। স্বাধীনতাযুদ্ধে প্রিয়জন হারানো ১৪টি পরিবারের সদস্যরা গণহত্যার লোমহর্ষক কাহিনী বর্ণনা করবেন এই অনুষ্ঠানে।